



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র নং- ০১(৮৯৬)জাতীয়বিঃপ্রশাঃ/২০১০(অংশ-৩)/১/৭২৬

তারিখ : ০৮ অক্টোবর, ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদে নিয়োগের লক্ষ্যে জনসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।


ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল, পদের সংখ্যা এবং বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	প্রভাষক (অর্থনীতি) বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) পদের সংখ্যা : ০১ (এক) বয়স : সর্বোচ্চ ৩৫ বৎসর (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে)	সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স/সমমানের ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স পর্যায়ে কোন একটিতে প্রথম শ্রেণী থাকিতে হইবে। শিক্ষা জীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হইবে না। • এসএসসি ও এইচএসসি-তে সিজিপিএ ২.০০-এর নীচে নহে এবং স্নাতক ও স্নাতকোত্তর-এর ক্ষেত্রে ২.৫০ এর নীচে নহে।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের স্বহস্তে আবেদনপত্র পূরণ করিয়া ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ৩০-১০-২০১৭ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌছাইতে হইবে।
- বর্ণিত পদের জন্য নির্ধারিত আবেদনপত্র ০৯-১০-২০১৭ তারিখ হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd অথবা www.nubd.info এ পাওয়া যাইবে। বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।
- রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে ১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙ্গিন সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে।
- সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও মার্কশীট-এর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- জাতীয় পরিচয় পত্র (যদি থাকে)/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।
- প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করিতে হইবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাত-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ হইতে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূল সনদের সত্যায়িত কপি ও অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে।
- খামের উপরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করিতে হইবে।
- চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।
- প্রার্থীদের পরীক্ষা/নির্বাচনী বোর্ডের তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৩. সাক্ষাৎকারের সময় মূল সনদ ও অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।
১৪. আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র ফেরৎ দেওয়া হইবে না।
১৫. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।
১৬. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।
১৭. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।
১৮. বিজ্ঞাপিত পদে নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি অনুসারে সকল প্রকারের কোটা অনুসরণ করা হইবে।
১৯. বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রীর সমতা নিরূপণ সনদ আবেদনপত্রের সাথে জমা দিতে হইবে, প্রকাশনার সমর্থনে সত্যায়িত প্রমাণক আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর নির্দেশক্রমে



08.10.17
(মোল্লা মাহফুজ আল-হোসেন)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়